প্রেস রিলিজ

তারিখ: ১৭ নভেম্বর ২০২৬

বাউবি'র এসএসএস বিভাগ ও এসএসটি শিক্ষার্থী ল্যাব পরিদর্শনে উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান আজ মঙ্গলবার (১৭ নভেম্বর ২০২৬) দুপুরে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস (এসএসএস) বিভাগ এবং স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এসএসটি) শিক্ষার্থী ল্যাব পরিদর্শন করেন।

পরিদর্শনকালে উপাচার্য এসএসএস বিভাগের সার্বিক কার্যক্রম, সেবার মান, কর্মকর্তা-কর্মচারীদের কর্মপরিবেশ ও অফিস কক্ষগুলোর বর্তমান অবস্থা সম্পর্কে খোঁজখবর নেন। তিনি বিভাগের চলমান কার্যক্রম সম্পর্কে অবহিত হন এবং সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় বিভাগটিকে আরও আধুনিক ও গতিশীল করার পাশাপাশি দ্রুততার সঙ্গে সেবামূলক মনোভাব নিয়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় সেবা নিশ্চিত করতে সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। পরিদর্শনকালে এসএসএস বিভাগের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ আবু তালেব, উপাচার্যের একান্ত সচিব ও যুগ্ম পরিচালক মোঃ আশরাফুল ইসলামসহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরে উপাচার্য স্কুল অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এসএসটি) শিক্ষার্থী ল্যাব পরিদর্শন করেন। এ সময় তিনি ল্যাবের সার্বিক কার্যক্রম ও বিদ্যমান সুযোগ-সুবিধা সম্পর্কে খোঁজখবর নেন। শিক্ষার্থীদের জন্য ল্যাবটি আরও আধুনিক ও ব্যবহার উপযোগী করে গড়ে তোলা এবং এর যথাযথ ব্যবহারের ওপর তিনি গুরুত্বারোপ করেন। এ সময় এসএসটির ডিন অধ্যাপক ড. মো. আব্দুল মজিদ মন্ডল এবং ল্যাব ব্যবহারকারী শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd